

বেসু নিয়ে বেসুর কেন, অর্জুনকে চিঠি বুদ্ধের

নিজস্ব সংবাদদাতা ✧ কলকাতা



শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানে রূপান্তরের প্রক্রিয়া মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক স্থগিত করে দেওয়ার ক্ষোভ প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। মানবসম্পদ উন্নয়ন মন্ত্রী অর্জুন সিংহকে চিঠি লিখে সেই ক্ষোভের কথা জানিয়েছেন তিনি।

সম্প্রতি ওই বিশ্ববিদ্যালয়ের আচার্য তথা রাজ্যপাল গোপালকৃষ্ণ গাঁধীর কাছে চিঠি পাঠিয়ে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক জানিয়ে দিয়েছে, বেসু-র প্রশাসন দুর্বল, সেখানে বারবার ছাত্র-সংঘর্ষ হয়েছে, র্যাগিং হয়েছে। সংবাদমাধ্যমে এই নিয়ে বিরূপ সমালোচনাও হয়েছে। পরিস্থিতির লক্ষণীয় উন্নতি হওয়ার আগে বেসু-র রূপান্তরের কথা ভাববে না কেন্দ্রীয় সরকার।

অর্জুনকে মুখ্যমন্ত্রী লিখেছেন, ‘বেসু-র মতো জাতীয় গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্রীয় প্রতিষ্ঠানের মর্যাদা দেওয়ার মতো বড় সিদ্ধান্ত সংবাদমাধ্যমে প্রকাশিত রিপোর্টের ভিত্তিতে আটকে রাখা উচিত নয়।’ ২০০৯-’১০ শিক্ষাবর্ষে বেসুকে কেন্দ্রীয় প্রতিষ্ঠানের মর্যাদা দেওয়ার সিদ্ধান্ত দ্রুত রূপায়ণের অনু রোধ জানিয়েছেন তিনি।

কানপুর আইআইটি-র বোর্ড অফ গভর্ন সের চেয়ারম্যান আনন্দকৃষ্ণনের নেতৃত্বে গঠিত একটি কেন্দ্রীয় কমিটি বেসু-কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান করার সুপারিশ করেছিল। বুদ্ধদেব চিঠিতে লিখেছেন, ওই কমিটি যে-হেতু বেসুকে মর্যাদা দেওয়ার সুপারিশ করেছে, তাই এই কাজে আর দেরি করা উচিত হবে না।

এ দিকে, বেসু-র নতুন উপাচার্য হিসেবে দায়িত্ব নিচ্ছেন খড়্গাপুর আইআইটি-র অধ্যাপক অজয় রায়। বর্তমান উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের মেয়াদ শেষ হচ্ছে ১ মার্চ। তার পরে দায়িত্ব নেবেন অজয়বাবু। বর্তমানে তিনি আইআইটি-র স্কুল অফ মেডিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির প্রধান।

